নিউজিল্যান্ডের বিপক্ষে প্রতিশোধের মিশনে পাকিস্তান

নিউজিল্যান্ডের বিপক্ষে প্রতিশোধের লক্ষ্য নিয়ে আজ থেকে পাঁচ ম্যাচের ওয়ানডে সিরিজ শুরু করছে পাকিস্তান। এ বছরের শুরুতে ঘরের মাঠে নিউজিল্যান্ডের কাছে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ ২-১ ব্যবধানে হেরেছিলো পাকিস্তান। ঐ সিরিজের পর আবারও ঘরের মাঠে নিউজিল্যান্ডের মুখোমুখি হচ্ছে পাকিস্তান। এবার সিরিজ জয়ের স্বাদ নিতে চায় পাকিস্তান। অন্যদিকে সিরিজ জয়ের ধারা অব্যাহত রাখার লক্ষ্য নিউজিল্যান্ডের।

রাওয়ালপিন্ডিতে বাংলাদেশ সময় আজ বিকেল ৪টা ৩০ মিনিটে শুরু হবে সিরিজের প্রথম ওয়ানডে। নিরাপত্তা শঙ্কার কারণে ২০২১ সালে সিরিজের প্রথম ম্যাচ শুরুর কয়েক ঘণ্টা আগে পাকিস্তান সফর বাতিল করেছিল নিউজিল্যান্ড। ঐ সফর বাতিলের পর পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) সাথে আলোচনার পরিপ্রেক্ষিতে গত বছরের ডিসেম্বরে ১৯ বছর পর পাকিস্তান সফর করে নিউজিল্যান্ড। সফরে দু’টি টেস্ট ও তিনটি ওয়ানডে খেলেছিলো কিউইরা।

গত জানুয়ারিতে ঘরের মাঠে হওয়া তিন ম্যাচের ওয়ানডে সিরিজের নিউজিল্যান্ডের কাছে ২-১ ব্যবধানে হেরেছিলো পাকিস্তান। এবার বদলা নিতে চায় পাকিস্তান। দলের অধিনায়ক বাবর আজম বলেন, ‘সর্বশেষ সিরিজে নিউজিল্যান্ডের কাছে আমরা হেরেছি। ঐ সিরিজে হারের স্মৃতি দ্রুতই ভুলতে চাই। এবার সিরিজ জিততে পারলে সেই ক্ষত ভুলতে পারবো আমরা। তিন বিভাগেই ভালো ক্রিকেট খেলে সিরিজ জয়ের লক্ষ্য আমাদের।’

ওয়ানডে সিরিজের আগে নিউজিল্যান্ডের বিপক্ষে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলেছে পাকিস্তান। প্রথম দুই ম্যাচ জিতে সিরিজ জয়ের দ্বারপ্রান্তে পৌঁছে যায় পাকিস্তান। কিন্তু পরের তিন ম্যাচের মধ্যে ২টিতে জিতে আর ১টি ম্যাচ পরিত্যাক্ত হওয়ায়সিরিজ সমতায় শেষ করে নিউজিল্যান্ড।

চলমান ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) খেলার জন্য পাকিস্তানের বিপক্ষে ওয়ানডে সিরিজে খেলছেন না টিম সাউদি, গ্লেন ফিলিপস, মিচেল স্যান্টনার, ডেভন কনওয়ে, ফিন অ্যালেন, মাইকেল ব্রেসওয়েল এবং

লোকি ফার্গুসন। আইপিএলের উদ্বোধনী ম্যাচে হাঁটুর ইনজুরিতে পড়ে মাঠের বাইরে ছিটকে গেছেন নিয়মিত অধিনায়ক কেন উইলিয়ামসন।

খর্ব শক্তির দল নিয়ে টি-টোয়েন্টিতে পাকিস্তানের সঙ্গে হাড্ডাহাড্ডি লড়াই করে সিরিজ হার এড়ায় নিউজিল্যান্ড। শেষ ম্যাচে মার্ক চাপম্যানের বিধ্বংসী সেঞ্চুরি পাকিস্তানকে সিরিজ জিততে দেয়নি নিউজিল্যান্ড। ৫৭ বলে অপরাজিত ১০৪ রান করেন চাপম্যান। সিরিজে ২৯০ রান করে শেষ মুর্হূতে পাকিস্তানের বিপক্ষে নিউজিল্যান্ডের ওয়ানডে দলে সুযোগ পান চাপম্যান।

টি-টোয়েন্টির পারফরম্যান্স ওয়ানডে সিরিজে বাড়তি অনুপ্রেরণা দিবে বলে জানান নিউজিল্যান্ডের ভারপ্রাপ্ত অধিনায়ক টম লাথাম। কিউই অধিনায়ক বলেন, ‘পিছিয়ে পড়ে টি-টোয়েন্টি সিরিজ হার এড়ানো সত্যিই প্রশংসনীয়। ওয়ানডে সিরিজ জয়ের জন্য টি-টোয়েন্টির পারফরম্যান্সই আমাদের বাড়তি অনুপ্রেরণা দিবে।’

এখন পর্যন্ত ১১০ ওয়ানডেতে মুখোমুখি হয়েছে পাকিস্তান ও নিউজিল্যান্ড। এর মধ্যে পাকিস্তানের জয় ৫৬টিতে, ৫০টিতে নিউজিল্যান্ডের। ১টি ম্যাচ টাই ও ৩টি পরিত্যক্ত হয়।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

ফুটবল বাঙ্গালীর প্রাণের খেলা। মাটি ও মানুষের সাথে এ খেলার সম্পর্ক অত্যন্ত নিবিড় ও অবিচ্ছেদ্য। ফুটবলে আমাদের রয়েছে সোনালী ইতিহাস। মেহেরপুরে ফুটবল টুর্ণামেন্ট আয়োজনের মধ্য দিয়ে আমাদের সেই ইতিহাস ও ঐতিহ্য ফিরিয়ে আনতে চাই। মেহেরপুরের প্রবীণ ফুটবলাররা এমন আশা ব্যাক্ত করেছেন।

আজ বুধবার (২৬ এপ্রিল) বিকালে মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে ফুটবল

টুর্ণামেন্ট আয়োজন উপলক্ষে আয়োজিত প্রস্তুুতিমুলক সভায় এসব আশা ব্যক্ত করেন তারা। মেহেরপুরের জৈষ্ঠ ফুটবলাররা বলেছেন মেহেরপুর প্রতিদিনের এই আয়োজনটি হবে জেলার গত ২০ বছরের সব চেয়ে বড় আসর। জমকালো আয়োজন হবে এই ফুটবল টুর্ণামেন্টটিতে।

মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রস্তুতিমুলক সভায় বক্তব্য রাখেন, মেহেরপুরের প্রবীন ফুটবল খেলোয়াড় মাসুদ করিম ধলস, এমদাদুল হক, মনিরুল ইসলাম, ইয়ারুল ইসলাম, হাসানুজ্জামান বাবু, শামস্জ্জুামান শামীম প্রমুখ।

আলোচনা সভায় টুর্ণামেন্টের নামকরন করা হয় “মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্ট-২০২৩” এবং ১৩ সদস্য বিশিষ্ট টুর্ণামেন্ট পরিচালনা কমিটি ও ৮ সদস্য বিশিষ্ট উপদেষ্টা কমিটি গঠণ করা হয়।

টুর্ণামেন্ট পরিচালনা কমিটির আহবায়ক এমদাদুল হক, সদস্য সচিব মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু। এছাড়া সদস্যরা হলেন, প্রবীণ ফুটবলার মাসুদ করিম ধলস, মানিরুল ইসলাম, শামসুজ্জামান শামীম, হাসানুজ্জামান বাবু, শাহীনুর রহমান রিটন, ইয়ারুল ইসলাম, আমিরুল ইসলাম অল্ডাম, জাহাঙ্গীর আলম, মঞ্জুরুল ইসলাম মঞ্জা, আজমাইন হোসেন ও মেহেদী হাসান।

উপদেষ্টা কমিটিতে রয়েছেস প্রবীণ ফুটবলার আব্দুর রহিম (সাবেক শিক্ষক), আব্দুর রহমান (সাবেক মেহেরপুর পৌর মেয়র), মোস্তাফিজুর রহমান বাবু, আব্দুস সামাদ (সাবেক ব্যাংকার), আব্দুস সালাম, শামীম বসির, খন্দকার আবু শ্যামাইন, আব্দুস সালাম।

সিনিয়র গ্রুপে ওল্ড টাইগার্স, জুনিয়রে ২০০২ চ্যাম্পিয়ন

ভাঙলো প্রাণের মেলা। ২৩ এপ্রিল শুরু হয়ে ২৫ এপ্রিল বিকালে ফাইনাল খেলার মধ্যে দিয়ে শেষ হলো মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় (এমজিএইচএস) ক্রিকেট টুনামেন্ট। বিদ্যালয়ের প্রাক্তন

উইকেট লাভ করেন। খেলায় বিজয়ী দলের পক্ষে ইমরুল কায়েস ম্যান অফ দ্যা ফাইনাল,ম্যান অব দ্য টুর্নামেন্ট,সর্বোচ্চ ছক্কা ও সেরা ক্যাচ নির্বাচিত হন।

খেলা শেষে চ্যাম্পিয়ন, রানার্স আপ দলের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। স্টাসিস গ্রুপের স্বত্বাধিকার নিশাত বিন জিয়া রুম্মান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার তুলে দেন।

এসময় তিনি বলেন, আমি এ স্কুলে লেখাপড়া না করলেও মেহেরপুরের প্রতি আমার মায়া রয়েছে। আয়োজকবৃন্দরা এ ধরণের খেলা যতদিন আয়োজন করবে স্ট্যাসিস গ্রুপ প্রতিবারই এ খেলার স্পন্সর করবে।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে চ্যাম্পিয়ন ২০০২, রানার্স আপ ২০১০, সিনিয়র গ্রুপে চ্যাম্পিয়ন ওল্ড টাইগার্স, রানার্স আপ ২০০১ সহ দুটি গ্রুপের ম্যান অফ দ্যা টুর্নামেন্ট ইমরুল কায়েস এবং জুয়েল, ম্যান অব দা ফাইনাল জিকো,ফেয়ার প্লেট ট্রফি ২০০৪ ব্যাচ, সেরা রান সংগ্রহকারী,সর্বোচ্চ ছক্কা সেরা ক্যাচ ম্যান অব দ্যা সিরিজ ২০০২ এর ইমরুল কায়েসকে পুরস্কার তুলে দেওয়া হয়।

এছাড়াও প্রতিটি খেলার ম্যান অব দ্যা ম্যাচ হিসেবে ইয়ারুল (২০০৮), জীবন(২০০৪), আসিফ (২০১১), ইমরুল কায়েস (২০০২), বিজন (২০১০), অমি (২০০৯),জুয়েল (ওল্ড টাইগার্স), রাসেল (২০০৪), জনি (২০০৫),পল্লব(২০১০), রনি(২০০১), অমি (২০০৯), জিকো (২০০২),নির্ঝর (২০১০),সোহাগ(২০০২)কে পুরস্কার তুলে দেওয়া হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে অন্যদের মধ্যে সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের সাবেক শিক্ষক কাজী আনিসুজ্জামান, নাসির উদ্দিন, আব্দুর রাজ্জাক, সুশীল চক্রবর্তী,ব্যবসায়ী ফিরোজ আহমেদ, সোনিয়া শারমিন, টুর্নামেন্টের মূল উদ্যোক্ত সাইদুর রহমান সিমন, কানন, রাসেল প্রমুখ উপস্থিত ছিলেন। একই সঙ্গে উপস্থিত শিক্ষকদের সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদা স্পের্টিং ক্লাবের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত

দামুড়হুদা স্পোটিং ক্লাবের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার সময় দামুড়হুদা রুপকথা কফি হাউজে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা ডিএফএ এর সভাপতি ইখলাছ উদ্দিন সুজন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ক্লাবের সাধারণ সম্পাদক শাহাজান আলী, কোচ ম্যানেজার শহীদ আজম সদু। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, যুগ্ম সাধারণ সম্পাদক শেখ হাতেম, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহসাংগঠনিক সম্পাদক রাজু আহাম্মেদ সন্জু। দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, যুগ্ম সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, জেলার সাবেক কৃতি খেলোয়াড় ও দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সদস্য জাকির হোসেন, আশাদুল হক, ইমরান, আশাদুল হক আশা, আরশাদ, মিঠু, সাবেক খেলোয়াড় আ: ওয়াহেদ, সুমনসহ ক্লাবের সদস্য বৃন্দরা উপস্থিত ছিলেন। ইফতার মাহফিলে দোয়ার অনুষ্ঠান পরিচালনা করেন ক্লাবের সদস্য ইখতিয়ার উদ্দিন।

ইফতার মাহফিল অনুষ্ঠানে দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি ইখলাছ উদ্দিন সুজন বলেন, পারস্পরিক সহযোগিতাপূর্ণ মনোভাবে এবারের ঈদ হয়ে উঠুক আরও প্রাণোচ্ছল ও উপভোগ্য। এসময় তিনি চুয়াডাঙ্গা জেলাবাসীকে পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা জানায়, ঈদ মোবারক।

[redacted]

[redacted]

ফাইনাল ও অ্যাশেজের জন্য দল ঘোষণা অস্ট্রেলিয়ার

দ্বিতীয় বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল ও অ্যাশেজের প্রথম দুই টেস্টের জন্য ১৭ সদস্যের দল ঘোষণা করেছে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ)। দলে ফিরেছেন ডেভিড ওয়ার্নার, মিচেল মার্শ, মার্কাস হ্যারিস ও জশ ইংলিশ।

আগামী ৭ জুন ওভালে ভারতের বিপক্ষে আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল এবং ১৬ জুন থেকে ইংল্যান্ডের বিপক্ষে পাঁচ ম্যাচের অ্যাশেজ সিরিজ শুরু করবে অস্ট্রেলিয়া। ওভালে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের জন্য ১৫ জনের স্কোয়াড রাখা হবে।

প্রায় সাড়ে তিন বছর পর অস্ট্রেলিয়ার টেস্ট দলে সুযোগ পেয়েছেন মার্শ। ২০১৯ সালের অ্যাশেজে সর্বশেষ টেস্ট খেলেছিলেন মার্শ। এরপর ইনজুরির কারনে সাদা বলের ক্রিকেট থেকে দূরেই ছিলেন তিনি। গত মাসে শিল্ডে প্রায় দেড় বছর প্রথম শ্রেণীর ক্রিকেটে প্রথম ম্যাচ খেলতে নেমে দুর্দান্ত এক সেঞ্চুরি করেন তিনি। ক্যামেরুন গ্রিনের সঙ্গে দলে অলরাউন্ডার হিসেবে রাখা হয়েছে মার্শকে।

অস্ট্রেলিয়ার ঘরোয়া আসর শেফিল্ড শিল্ডে ৪টি সেঞ্চুরিতে সর্বোচ্চ ৯৪৫ রান করেও দলে সুযোগ পাননি ব্যাটার ক্যামেরুন বেনক্রফট। এমনকি দ্বিতীয় সর্বোচ্চ উইকেট শিকারী হয়ে দলে সুযোগ পাননি পেসার মাইকেল নেসার।
দলে ফিরেছেন শিল্ডে ২টি সেঞ্চুরিতে ভিক্টোরিয়ার হয়ে ৬০১ রান করা হ্যারিস। গেল বছরের অ্যাশেজে অস্ট্রেলিয়ার হয়ে সর্বশেষ টেস্ট খেলেন ৩০ বছর বয়সী এ ব্যাটার। ওয়ার্নার ও উসমান খাজার পর বিকল্প ওপেনার হিসেবে নেওয়া হয়েছে হ্যারিসকে।

সর্বশেষ ভারতের বিপক্ষে সিরিজে দারুণ পারফরম্যান্স করেছেন স্পিনার টড মারফি। ভারতের অভিষেক সিরিজে চার টেস্ট খেলে ১৪ উইকেট নেন তিনি। অভিজ্ঞ নাথান লায়নের সঙ্গে দ্বিতীয় স্পিনার হিসেবে দলে আছেন মারফি।

অ্যালেক্স ক্যারির পর বিকল্প উইকেটরক্ষক হিসেবে দলে রাখা হয়েছে জশ ইংলিশকে। ভারতের বিপক্ষে সর্বশেষ সিরিজের প্রথম টেস্টে কনুইয়ের ইনজুরিতে মাঠের বাইরে ছিটকে পড়েন ওয়ার্নার। সুস্থ হয়ে উঠায় টেস্ট দলে ফেরানো হয়েছে ওয়ার্নারকে। সাম্প্রতিক বাজে ফর্মের কারনে ওয়ার্নারের দলে থাকা নিয়ে অনেক প্রশ্ন উঠেছিলো। এজন্য বিকল্প ওপেনার হিসেবে রাখা হয়েছে হ্যারিস ও ২০২৩-২৪ মৌসুমে অস্ট্রেলিয়ার কেন্দ্রীয় চুক্তিতে না থাকা ম্যাথু রেনশকে।

ইনজুরি কাটিয়ে অস্ট্রেলিয়া দলে ফিরছেন পেসার জশ হ্যাজেলউড। অধিনায়ক প্যাট কামিন্স, মিচেল স্টার্ক ও স্কট বোল্যান্ডের সঙ্গে পেস আক্রমনে থাকবেন হ্যাজেলউড।

সর্বশেষ ভারত সফরের দল থেকে বাদ পড়েছেন ব্যাটার পিটার হ্যান্ডসকম, তিন স্পিনার অ্যাস্টন অ্যাগার, ম্যাথু কুনেমান ও মিচেল সোয়েপসন।

অস্ট্রেলিয়া দল: প্যাট কামিন্স (অধিনায়ক), স্কট বোল্যান্ড, অ্যালেক্স ক্যারি, ক্যামেরন গ্রিন, মার্কাস হ্যারিস, জশ হ্যাজেলউড, ট্রাভিস হেড, জশ ইংলিশ, উসমান খাজা, মার্নাস লাবুশেন, নাথান লিঁও, মিচেল মার্শ, টড মারফি, ম্যাট রেনশ, স্টিভ স্মিথ, মিচেল স্টার্ক এবং ডেভিড ওয়ার্নার।

সূত্র: ইত্তেফাক

এবার আর্জেন্টিনার মাটিতে বিশ্বকাপ

ইন্দোনেশিয়ার পরিবর্তে আগামী ২০ মে থেকে ১১ জুন পর্যন্ত আর্জেন্টিনায় অনুষ্ঠিত হবে ফিফা অনূর্ধ্ব-২০ বিশ্বকাপ, বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফার পক্ষ থেকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। এর আগে বাছাইপর্বে বাদ পড়লেও এবার স্বাগতিক স্বত্ব পাওয়ায় ইন্দোনেশিয়ার পরিবর্তে সরাসরি বিশ্বকাপে খেলবে জুনিয়র মেসি-ডি মারিয়ারা।

ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো এক বিবৃতিতে বলেছেন, ‘ফিফা অত্যন্ত আনন্দের সঙ্গে ঘোষণা দিচ্ছে যে এ বছরের ফিফা অনূর্ধ্ব-২০ বিশ্বকাপ আর্জেন্টিনায় অনুষ্ঠিত হবে। বিশ্বকাপ জয়ী দেশে এই ধরনের একটি আসর আয়োজন ভবিষ্যতের তরুণ ফুটবলাদের জন্য নিজেদের প্রমাণের অনেক বড় একটি সুযোগ তৈরি হবে।’

গত মাসে ইসরাইলের অংশগ্রহণ নিয়ে আপত্তির জেরে ইন্দোনেশিয়ার স্বাগতিক স্বত্ব বাতিল করে ফিফা। বিকল্প স্বাগতিক হিসেবে আর্জেন্টিনা প্রথম থেকেই আগ্রহ দেখিয়ে আসছিল। গত সপ্তাহে ফিফার প্রতিনিধি দল আর্জেন্টিনার অবকাঠামো সুযোগ সুবিধা বিবেচনা করে স্বাগতিক হিসেবে তাদেরকে বেছে নেওয়ার সিদ্ধান্ত নেয়। আগামী ২১ এপ্রিল জুরিখে অনুষ্ঠিত হবে বিশ্বকাপের ড্র।

সোমবার (১৭ এপ্রিল) ফিফার ঘোষণার আগে অনূর্ধ্ব-২০ বিশ্বকাপ আয়োজনে আর্জেন্টাইন ফুটবল অ্যাসোসিয়েশনকে (এএফএ) পূর্ণ সমর্থনের প্রতিশ্রুতি দিয়েছে আর্জেন্টাইন সরকার। এ পর্যন্ত সবচেয়ে বেশি ৬ বার অনূর্ধ্ব-২০ বিশ্বকাপের শিরোপা জিতেছে আর্জেন্টিনা।

সূত্র:ইত্তেফাক

বাফুফের সভা বিকেলে, কে আসছেন সোহাগের চেয়ারে?

বাংলাদেশ ফুটবল ফেডারশনের (বাফুফে) সাধারণ সম্পাদক আবু নাঈম সোহাগকে ফিফা থেকে নিষিদ্ধের পর যেন একটা ঝড়ই নেমে এসেছে বাংলাদেশের ফুটবল অঙ্গনে। সোহাগের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আসার পরই বাতিল করা হয়েছিলো গত ১৪ এপ্রিলের নারী ফ্র্যাঞ্চাইজি লিগের আয়োজন ও সূচি নিয়ে ডাকা পূর্বনির্ধারিত সভা।

এর মধ্যে আজ সোমবার (১৭ এপ্রিল) বিকেলে নির্বাহী কমিটির জরুরী সভা ডেকেছে বাফুফে। জানা যায়। আজকের এই সভাতেই মনোনীত করা হবে বাফুফের ভারপ্রাপ্ত নতুন সাধারণ সম্পাদক। এছাড়া সোহাগের

নিষেধাজ্ঞার ব্যাপারে তদন্ত কমিটিগঠনের সিদ্ধান্তও আসতে পারে।

সোহাগকে নিষিদ্ধ করার পর থেকে আপাতত সাধারণ সম্পাদকের পদশূণ্য হয়ে রয়েছে বাফুফে। বাফুফে ভবন থেকে তুলে ফেলা হয়েছে সোহাগের নামফলকও। আপাতত বাফুফেতে একজন সাধারণ সম্পাদকের প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে সবার আগে।

সাধারণ সম্পাদক পদে কে আসতে পারে সেটি নিয়েও এখন বিস্তর জল্পনা- কল্পনা। শোনা যাচ্ছে এই পদের অন্যতম দাবিদার সিএফও আবু হোসেন, তবে অর্থ কেলেঙ্কারির সবগুলো অভিযোগে নাম আছে তারও।

এছাড়া আরও একজন বর দাবিদার বাফুফের কম্পিটেশন বিভাগ প্রধান জাবের বিন তাহের আনসারি। এদিকে, সভাপতির ব্যক্তিগত সহকারী ইমরান হোসেনও আছে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হোয়ার দৌড়ে।

সব জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে আজ বিকেলের সভা শেষেই হয়তো জানা যাবে সভাপতি সালাউদ্দিন কাকে নতুন সাধারণ সম্পাদক হিসেবে মনোনীত করেন।

সূত্র: ইত্তেফাক